ঝিনাইদহ শহরে মেডিকেল কলেজ স্থাপনের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা সদরে মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে ‘আমরা ঝিনাইদহবাসী’।

গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টায় জেলা শহরের প্রাণকেন্দ্র পায়রা চত্বরে এ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধনে জেলার বিভিন্ন উপজেলা এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

মানববন্ধনে মোহাম্মদ আব্দুস সবুর, প্রকৌশলী হাবিবুল বাশার, ছাত্রফ্রন্টের নেত্রী শারমিন সুলতানাসহ জেলার গণ্যমান্য ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন।

বক্তারা ঝিনাইদহের প্রাণকেন্দ্র শহরের আশপাশে মেডিকেল কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠার দাবি জানান এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।